
# বগুড়ায় ১২০০ ইয়াবাসহ ছাত্রদল নেতা আটক



অভিযুক্ত ছাত্রদল নেতা রবিউল ইসলাম। ছবি: সংগৃহীত

বগুড়ার নন্দীগ্রামে ১ হাজার ২০০ পিস ইয়াবাসহ রবিউল ইসলাম (৩৬) নামে এক ছাত্রদল নেতাকে আটক করেছে র‍্যাব। তাঁর কাছ থেকে মাদক বিক্রির ৩ হাজার ১৫০ টাকা উদ্ধার করা হয়েছে।

গতকাল মঙ্গলবার (২৫ আগস্ট) রাতে নুন্দহ-মুরাদপুর সড়কে অভিযান চালিয়ে তাঁকে গ্রেপ্তার করা হয়। র‍্যাব-১২ জানিয়েছে, গোপন তথ্যের ভিত্তিতে ওই এলাকায় একটি অটোরিকশায় তল্লাশি চালানোর উদ্যোগ নেওয়া হয়।

রাত ৯টার দিকে নম্বরবিহীন একটি অটোরিকশা চেকপোস্টে পৌঁছালে র‍্যাব সদস্যরা সেটি থামান। গাড়িতে থাকা একমাত্র যাত্রী রবিউল ইসলামকে সন্দেহ হওয়ায় জিজ্ঞাসাবাদ করা হয়। পরে তাঁর সঙ্গে থাকা ব্যাগে তল্লাশি চালিয়ে ১ হাজার ২০০ পিস ইয়াবা পাওয়া যায়। একই সময় নগদ ৩ হাজার ১৫০ টাকাও জব্দ করা হয়।

র‍্যাবের তথ্য অনুযায়ী, অভিযানের আগে নন্দীগ্রাম বাসস্ট্যান্ড এলাকায় টহলের সময় ইয়াবা বহনের বিষয়ে গোপন তথ্য পাওয়া যায়। সেই তথ্যের ভিত্তিতেই নুন্দহ গ্রামের মোজাম্মেলের বাড়ির সামনে সড়কে চেকপোস্ট বসানো হয়েছিল।

রবিউল ইসলাম নন্দীগ্রাম উপজেলা ছাত্রদলের সহসভাপতি বলে দলীয় সূত্রে জানা গেছে। উপজেলা ছাত্রদলের সাধারণ সম্পাদক মোস্তাফিজুর রহমান তারেক বলেন, কোনো নেতাকর্মীর ব্যক্তিগত অপরাধের দায় সংগঠন নেবে না। রবিউলকে বহিষ্কারের প্রক্রিয়া শুরু হয়েছে।

নন্দীগ্রাম থানার ওসি তারিকুল ইসলাম জানান, এ ঘটনায় রবিউল ইসলামের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা করা হয়েছে। বুধবার তাঁকে আদালতে হাজির করে বগুড়া কারাগারে পাঠানো হয়েছে।